




হাজারো ষড়যন্ত্র মোকাবিলা করে এগোচ্ছে বিএনপি: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

দলের নাম ব্যবহার করে অনৈতিক ও শৃঙ্খলাবিরোধী কর্মকাণ্ডে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী।

সোমবার (২৪ আগস্ট) দুপুরে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এ কথা বলেন।

রিজভী বলেন, বিএনপির নাম ব্যবহার করে কেউ অনৈতিক কাজে যুক্ত হলে তার বিরুদ্ধে কঠোর সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে। দলের শৃঙ্খলা ধরে রাখাকে গুরুত্বপূর্ণ দায়িত্ব হিসেবে উল্লেখ করে তিনি বলেন, নানা ষড়যন্ত্রের মধ্যেও বিএনপি সেগুলো মোকাবিলা করে সামনে এগিয়ে যাচ্ছে।

সরকারের কার্যক্রম প্রসঙ্গে বিএনপির এই নেতা বলেন, ক্ষমতায় আসার পর বিএনপি জনগণের জন্য কাজ করছে। এতে সরকারের প্রতি মানুষের সমর্থন বাড়ছে এবং তারেক রহমানের নেতৃত্বাধীন সরকারের জনপ্রিয়তাও বৃদ্ধি পেয়েছে।

স্থানীয় সরকার নির্বাচন নিয়েও কথা বলেন রিজভী। তিনি বলেন, নির্বাচনে বিএনপির প্রার্থী কারা হবেন, সে সিদ্ধান্ত স্থানীয় পর্যায়ে নেতাকর্মীরাই নেবেন।